**আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহহ ওয়া বারাকাতুহু**

**বিসমিল্লাহির রহমাহির রহীম**

**আজকের আলোচনার বিষয়বস্তু:**

**পবিত্র কুরআনের শব্দ أَنَابَ যা, পবিত্র কোরআনে ১৮ বার ব্যবহৃত হয়েছে, أَنَابَ এর মূল ن و ب**

**أَنَابَ : To turn , অভিমুখী**

১. তারই (অর্থাৎ আল্লাহরই) উপর আমি তাওয়াক্কুল করেছি এবং আমি তার অভিমুখী।

**عَلَيْهِ تَوَكَّلْتُ وَإِلَيْهِ أُنِيبُ**

**তারই উপর আমি তাওয়াক্কুল করেছি এবং তারই অভিমুখী। (১১:৮৮)**

**Upon Him I have relied, and I turn (to Him). (11:88)**

**নোট: ওয়াইব (আ:) আর জাতি যখন তাকে প্রত্যাখ্যান করেছিল, তখন তিনি বলেছিলেন,**

২. আল্লাহ যাকে ইচ্ছা বিপথগামী করে দেন। আর তার দিকে পথ দেখান তাদেরকেই যারা তার অভিমুখী হয়।

**إِنَّ اللهَ يُضِلُّ مَن يَشَآءُ وَيَهْدِىٓ إِلَيْهِ مَنْ أَنَابَ**

**আল্লাহ যাকে ইচ্ছা বিপথগামী করে দেন। আর তার দিকে পথ দেখান তাদেরকেই যারা তার অভিমুখী হয়। (১৩:২৭)**

**Indeed, Allah leaves astray whom He wills and guides to Himself whoever turns (to Him). (13:27)**

৩. দাউদ বুঝতে পারলো, আমরা তাকে পরীক্ষা করেছি, তাই সে তার প্রভুর কাছে ক্ষমা প্রাথনা করলো এবং নত হয়ে লুটিয়ে পড়লো এবং তার অভিমুখী হলো। (সেজদার আয়াত)

**وَظَنَّ دَاوُۥدُ أَنَّمَا فَتَنَّـٰهُ فَٱسْتَغْفَرَ رَبَّهُۥ وَخَرَّ رَاكِعًا وَأَنَابَ**

**দাউদ বুঝতে পারলো, আমরা তাকে পরীক্ষা করেছি, তাই সে তার প্রভুর কাছে ক্ষমা প্রাথনা করলো এবং নত হয়ে লুটিয়ে পড়লো এবং তার অভিমুখী হলো। (৩৮:২৪)**

**And David became certain that we had tried him and he asked forgiveness of his Lord and fell down bowing (in prostration) and turned is repentance (to Allah). (38:24)**

**Click here: http://www.morningbrightness.fi/**

**Click here: https://www.youtube.com/@morningbrightness603**

৪. আমরা সুলাইমানকে পরীক্ষা করেছিলাম এবং তার কুর্সির (চেয়ারের) উপর রেখেছিলাম একটি দেহ, ফলে সে আমার অভিমুখী হয়।

**وَلَقَدْ فَتَنَّا سُلَيْمَـٰنَ وَأَلْقَيْنَا عَلَىٰ كُرْسِيِّهِۦ جَسَدًا ثُمَّ أَنَابَ**

**আমরা সুলাইমানকে পরীক্ষা করেছিলাম এবং তার কুর্সির (চেয়ারের) উপর রেখেছিলাম একটি দেহ, ফলে সে আমার অভিমুখী হয়। (৩৮:৩৪)**

**And we certainly tried Solomon and placed on his throne a body, then he turned (to Allah). (38:34)**

৫. যারা তাগুতের ইবাদাত (পূজা, উপাসনা, আনুগত্য) থেকে বিরত থাকবে এবং আল্লাহর অভিমুখী হবে, তাদের জন্য রয়েছে সুসংবাদ. সুতরাং আমার দাসদের সুসংবাদ দাও।

**وَالَّذِينَ اجْتَنَبُوا۟ الطَّـٰغُوتَ أَن يَعْبُدُوهَا وَأَنَابُوٓا۟ إِلَى اللَّهِ لَهُمُ الْبُشْرَىٰ ۚ فَبَشِّرْ عِبَادِ**

**যারা তাগুতের ইবাদাত থেকে বিরত থাকবে এবং আল্লাহর অভিমুখী হবে, তাদের জন্য রয়েছে সুসংবাদ। সুতরাং আমার দাসদের সুসংবাদ দাও। (৩৯:১৭)**

**But those who have avoided Taghut, last they worship it, and turned to Allah – for them are good tidings. So give good tidings to my servants. (39:17)**

৬. আর ইত্তেবা (অনুসরণ) করো তার পথের, যে আমার অভিমুখী হয়।

**وَاتَّبِعْ سَبِيلَ مَنْ أَنَابَ إِلَيَّ**

**আর ইত্তেবা অনুসরণ করো তার পথের, যে আমার অভিমুখী হয়। (৩১:১৫)**

**Follow the way of him who Turn to Me. (31:15)**

৭. (ক্ষমালাভের উপায় হলো) তোমরা তোমাদের প্রভুর অভিমুখী হও অবগ তার কাছে আত্মসমর্পণ কর তোমাদের উপর আযাব এসে যাবার আগেই, তখন কিন্তু তোমাদের তার সাহায্য করা হবে না।

**وَأَنِيبُوٓا۟ إِلَىٰ رَبِّكُمْ وَأَسْلِمُوا۟ لَهُۥ مِن قَبْلِ أَن يَأْتِيَكُمُ الْعَذَابُ ثُمَّ لَا تُنصَرُونَ**

**তোমাদের উপর আযাব এসে যাবার আগেই তোমরা তোমাদের প্রভুর অভিমুখী হও এবং তার কাছে আত্মসমর্পণ কর। তখন কিন্তু তোমাদের তার সাহায্য করা হবে না। (৩৯:৫৪)**

**And turn (in repentance) to your Lord and submit to Him before the punishment comes upon you, then you will not be helped. (39:54)**

৮. আল্লাহর অভিমুখী ব্যক্তি কেবল উপদেশ গ্রহণ করে।

رِزْقًا وَمَا يَتَذَكَّرُ إِلَّا مَن يُنِيبُ

আল্লাহর অভিমুখী ব্যক্তি কেবল উপদেশ গ্রহণ করে। (৪০:১৩)

**But none will remember except he who turns (in repentance). (40:13)**

৯. আল্লাহই আমার রব। তার উপরই আমি তাওয়াক্কুল করি এবং আমি কেবল তারই অভিমুখী হই।

ذَٰلِكُمُ اللَّهُ رَبِّى عَلَيْهِ تَوَكَّلْتُ وَإِلَيْهِ أُنِيبُ

আল্লাহই আমার রব। তার উপরই আমি তাওয়াক্কুল করি এবং আমি কেবল তারই অভিমুখী হই। (৪২:১০)

**Allah is my Lord; upon Him I have relied to Him I turn back. (42:10)**

১০. আল্লাহ যাকে ইচ্ছা নিজের জন্য মনোনীত করেন এবং তিনি নিজের দিকে পথ দেখান সে ব্যক্তিকেই, যে বিনয়ের সাথে তার অভিমুখী হয়।

اللَّهُ يَجْتَبِىٓ إِلَيْهِ مَن يَشَآءُ وَيَهْدِىٓ إِلَيْهِ مَن يُنِيبُ

আল্লাহ যাকে ইচ্ছা নিজের জন্য মনোনীত করেন এবং তিনি নিজের দিকে পথ দেখান সে ব্যক্তিকেই, যে বিনয়ের সাথে তার অভিমুখী হয়। (৪২:১৩)

**Allah chooses for Himself whom He wills and guides to Himself whoever turns (to Him). (42:13)**

১১. আমাদের প্রভু! আমরা তোমার দিকে তাওয়াক্কুল করলাম, আমরা তোমারই অভিমুখী হলাম এবং প্রত্যাবর্তন তো হবে তোমারই কাছে।

رَّبَّنَا عَلَيْكَ تَوَكَّلْنَا وَإِلَيْكَ أَنَبْنَا وَإِلَيْكَ الْمَصِيرُ

আমাদের প্রভু! আমরা তোমার দিকে তাওয়াক্কুল করলাম, আমরা তোমারই অভিমুখী হলাম এবং প্রত্যাবর্তন তো হবে তোমারই কাছে। (৬০:৪)

**Our Lord! Upon you we have relied, and to you we have turned and to you is the destination. (60:4)**

**Click here:** http://www.morningbrightness.fi/

**Click here:** https://www.youtube.com/@morningbrightness603

১২. নিশ্চয়ই ইব্রাহিম ছিল এক সহনশীল, কোমল হৃদয় এবং আল্লাহ অভিমুখী মানুষ।

**إِنَّ إِبْرَاهِيمَ لَحَلِيمٌ أَوَّاهٌ مُّنِيبٌ**

**নিশ্চয়ই ইব্রাহিম ছিল এক সহনশীল, কোমল হৃদয় এবং আল্লাহ অভিমুখী মানুষ। (১১:৭৫)**

**Indeed Abraham was forbearing grieving and (frequently) returning [to Allah]. (11:75)**

১৩. বিনীত হৃদয়ে তার অভিমুখী হও এবং তাকে ভয় করো, সালাত কায়েম করো আর মুশরিকদের অন্তর্ভুক্ত হয়ো না।

**مُنِيبِينَ إِلَيْهِ وَاتَّقُوهُ وَأَقِيمُوا۟ الصَّلَوٰةَ وَلَا تَكُونُوا۟ مِنَ الْمُشْرِكِينَ**

**বিনীত হৃদয়ে তার অভিমুখী হও এবং তাকে ভয় করো, সালাত কায়েম করো আর মুশরিকদের অন্তর্ভুক্ত হয়ো না। (৩০:৩১)**

১৪. মানুষকে যখন দুঃখ-দুর্দশা স্পর্শ করে, তখন তারা তাদের প্রভুকে ডাকে তার অভিমুখী হয়ে বিনীতভাবে।

**وَإِذَا مَسَّ النَّاسَ ضُرٌّ دَعَوْا۟ رَبَّهُم مُّنِيبِينَ إِلَيْهِ**

**মানুষকে যখন দুঃখ-দুর্দশা স্পর্শ করে, তখন তারা তাদের প্রভুকে ডাকে তার অভিমুখী হয়ে বিনীতভাবে। (৩০:৩৩)**

**And when adversity touches the people, they call upon their Lord, turning in repentance to Him. (30:33)**

১৫. মানুষকে যখন দুঃখ-দুর্দশা স্পর্শ করে তখন সে তার প্রভুকে ডাকে তার অভিমুখী হিয়ে একনিষ্ঠ মনোভাব নিয়ে।

**وَإِذَا مَسَّ الْإِنسَـٰنَ ضُرٌّ دَعَا رَبَّهُۥ مُنِيبًا إِلَيْهِ**

**মানুষকে যখন দুঃখ-দুর্দশা স্পর্শ করে, তখন সে তার প্রভুকে ডাকে তার অভিমুখী হয়ে একনিষ্ঠ মনোভাব নিয়ে। (৩৯:৮)**

**And when adversity touches man, he calls upon his Lord, turning to Him alone. (39:8)**

**Click here: http://www.morningbrightness.fi/**

**Click here: https://www.youtube.com/@morningbrightness603**

১৬. এ সবই ভেবে দেখার বিষয় এবং উপদেশ প্রত্যেক আল্লাহ অভিমুখী বান্দার জন্য।

تَبْصِرَةً وَذِكْرَىٰ لِكُلِّ عَبْدٍ مُّنِيبٍ

**এ সবই ভেবে দেখার বিষয় এবং উপদেশ প্রত্যেক আল্লাহ অভিমুখী বান্দার জন্য। (৫০:৮)**

**Giving insight and a reminder for every servant who turns (to Allah) (50:8)**

১৭. যারা না দেখেও রহমানকে ভয় করে এবং হাজির হয় বিনয়ী হৃদয় নিয়ে। (তাদের জন্য পুরস্কার জান্নাত)

مَّنْ خَشِيَ الرَّحْمَانَ بِالْغَيْبِ وَجَآءَ بِقَلْبٍ مُّنِيبٍ

**যারা না দেখেও রহমানকে ভয় করে এবং হাজির হয় (আল্লাহ অভিমুখী) বিনয়ী হৃদয় নিয়ে। (তাদের জন্য পুরস্কার জান্নাত) (৫০:৩৩)**

**Who feared the Most Merciful unseen and came with a heart retuning (in repentance) (50:33)**

১৮. নিশ্চয়ই এতে (আল্লাহর সৃষ্টিতে) রয়েছে নিদর্শন প্রতিটি আল্লাহ অভিমুখী বান্দার জন্য।

إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً لِكُلِّ عَبْدٍ مُّبِيبٍ

**নিশ্চয়ই এতে (আল্লাহর সৃষ্টিতে) রয়েছে নিদর্শন প্রতিটি আল্লাহ অভিমুখী বান্দার জন্য। (৩৯:৯)**

**Indeed in that is a sign for every servant turning back (to Allah). (39:9)**

প্রিয় ভাই ও বোনেরা, আসুন আমরা আল্লাহকে ভয় করি। কেয়ামতের পর বিচারের দিন আল্লাহর কাছে দুনিয়ার জীবনের ভালো মন্দ সকল কাজের হিসাবকে ভয় করি এবং দুনিয়াতে আল্লাহ অভিমুখী হয়ে তার ও রাসূলের সমস্ত হুকুম আহকাম মেনে চলি। আল্লাহ আমাদের ক্ষমা করুন।

**আমীন**

**আসসালামুআলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহ**

**Click here: http://www.morningbrightness.fi/**

**Click here: https://www.youtube.com/@morningbrightness603**